

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং- স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-২২/২০০৯-৬৯

তারিখঃ ০২.০২.২০১৬খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবায়ল ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, ৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ (কোড নং-৫-২৭০১-৭১১০) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে জিওবি খাতের ১ম কিস্তির অর্থ ছাড় সংক্রান্ত।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ০২.০২.২০১৬ তারিখের স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-২২/২০০৯-৬৮ সংখ্যক সরকারি আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি আদিষ্ট হয়ে ৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ (কোড নং-৫-২৭০১-৭১১০) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে ১ম কিস্তি-তে ৫৭.৫০ লক্ষ টাকা (সিডি ভ্যাট ব্যতিত) নিম্নোক্তভাবে ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের/ কর্মসূচির নাম ও কোড নম্বর	অনুমোদিত/পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্তকৃত অর্থ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ (কোড নং-৫-২৭০১-৭১১০)	অনুমোদিত	১ম	১০.০০ লক্ষ	৪৭.৫০ লক্ষ	৫৭.৫০ লক্ষ

তবে শর্ত থাকে যে,

- ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।
- খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধ কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- গ) ২য় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ১ম কিস্তির ব্যয়ের হিসাব বিবরণী প্রেরণ করতে হবে।
- ০২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের ৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ (কোড নং-৫-২৭০১-৭১১০) শীর্ষক প্রকল্প হতে বহন করা হবে।
- ০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিত।
- ০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত কোড/সাবকোড ভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- ০৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হলো।

R


(হাসান মাহমুদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd
অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং- স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-২২/২০০৯-৬৯/১(৯)

তারিখঃ ০২.০২.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, ৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ প্রকল্প মহাখালী, ঢাকা।
- ৩। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।



(হাসান মাহমুদ)
সিনিয়র সহকারী সচিব